

বহিরাগতদের আখড়া হয়ে উঠেছে শিক্ষা ভবন

য়েজানুর-রহমান ঃ শিক্ষা ভবন বহিরাগতদের আখড়ায় পরিণত হয়েছে। একশ্রেণীর কর্মচারীর ভাই, চাচা, পুত্র

সম্পর্কের আত্মীয় পরিচয় দিয়ে দেড় শতাধিক বিভিন্ন শ্রেণীর মানুষ শিক্ষা ভবনে প্রতিদিন আনাগোনা করেন। এদের কেউ কেউ প্রামাণ্য দোকান চালান। (৫ম পৃঃ ৩-এর কঃ প্রঃ)

Living

বহিরাগতদের আখড়া

(৩য় পৃঃ পর)

দূর-দূরান্ত হতে আগত নিরীহ শিক্ষক-কর্মচারীদের বন্দন, এমপিওভুক্তিসহ বিভিন্ন কাজ করে দেয়ার 'দালাল' হিসেবে দায়িত্ব পালন করেন। যাতে শিক্ষা ভবনের বরাদ্দে, ক্যাডিনে যুগ্ম। উদ্ধৃত পরিস্থিতিতে কর্তৃপক্ষ বহিরাগত খেলাও আনাগোনা

কর করেছে। পরিস্থিতি তুলে ধরে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি দেয়া হয়েছে। ২০ জুনের পর রাত্তি শিক্ষা ভবনে পুলিশ দিয়ে তদারকি চালান হবে। বৈধ কার্ডধারী ছাড়া রাতে শিক্ষা ভবনে কাউকে পাওয়া গেলে গ্রেফতার করা হবে। শিক্ষা ভবনে দেশের প্রায় ৩ লাখ ৪০ হাজার ৪৫০ জন শিক্ষক-কর্মচারীর বেতন ভাতা ছাঁড়, বন্দনিসহ বিভিন্ন কর্মকাণ্ডের তদারকি করা হয়। দ্রুত কাজ আদায় করার আশায় শিক্ষক-কর্মচারীদের অনেকেই শিক্ষা ভবনে প্রতিদিন উঁড় করেন। এই সুযোগে একদল বহিরাগত তরুণ 'দালাল' এর ভূমিকায় অবতীর্ণ হয়েছে। এদের কাজই হল নিরীহ অথবা বিপদগ্রস্ত শিক্ষক-কর্মচারীকে খুঁজে বের করা এবং বকশিসের বিনিময়ে 'কাজ' আদায় করে দেয়ার আশ্বাস দেয়া।

শিক্ষা অধিদপ্তরের একজন কর্মকর্তা বলেন, আমরা প্রাথমিকভাবে খোঁজ নিয়ে দেখেছি দেড় শতাধিক বিভিন্ন শ্রেণীর মানুষ শিক্ষা ভবনে সব সময় ঘেরাফেরা করে। এক কেউ প্রামাণ্য দোকান চালান। কেউ এলাকার সন্ত্রাস, চাঁদাবাজির সাথেও জড়িত। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ে 'চিঠি' লেখা হয়েছে। শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আধুনিক রশিদ বলেন, শিক্ষা ভবনে বহিরাগত খেলাও কর্মসূচীর অংশ হিসেবে মার্ত পর্যায়ের কর্মচারী বিশেষ করে যারা রাতে শিক্ষা ভবনে বিভিন্ন দায়িত্ব পালন করে তাদের জন্য বিশেষ পরিচয়পত্র প্রদানের শিক্ষা নেয়া হয়েছে। ২০ জুনের পর রাতে শিক্ষা ভবনে তদারকি চালান হবে। কার্ডধারী ছাড়া অন্য কাউকে পাওয়া গেলে গ্রেফতার করা হবে।